শ্রদ্ধাঞ্জলি
(অন্তরে রবে চিরদিন)

স্বর্গীয়া করবী মুখোপাধ্যায়
প্রয়াণ ৭ই এপ্রিল , ২০১৮

প্রয়াত করবী মুখোপাধ্যায় (সকলের প্রিয় করবীদি বা ফুইফুই) উনিশশো ষাটের দশকে জাপানে আসেন । প্রায় অর্ধশতক জাপানে বসবাস করেন । অনুবাদ, শিক্ষকতা, এবং দোভাষীর কাজ ছিল তাঁর মূখ্য পেশা ।

তিনি Tokyo University of Foreign Studies এ চাকুরী করেছেন । এছাড়া জাপানের বিদেশ মন্ত্রণালয়ে এবং আরো কিছু প্রতিষ্ঠানে দীর্ঘদিন ধরে বাংলা ভাষার শিক্ষকতা করেন । জাপান পুলিস কর্তৃপক্ষের দোভাষী হিসাবেও কাজ করে প্রচুর অভিজ্ঞতা সঞ্চয় করেছিলেন । তিনি যৌথ প্রচেষ্টায় প্রখ্যাত সাহিত্যিক কেনজি মিয়াযাওয়ার কিছু গল্পের বাংলা অনুবাদ করেন ।

Late Karabi Mukhopadhyaya (fondly referred to as Karabi-di or Fui Fui) came to Japan in 1960's. She lived in Japan for nearly five decades. She was mainly engaged in translation, teaching, and interpretation. She worked for Tokyo University of Foreign Studies. She was also an empanelled teacher in Ministry of Foreign Affairs, Japan., and few other language teaching organizations. Besides these she had vast experiences of judicial interpretation for the police department of Japan. Few years back she coauthored a compilation of Bengali translation of Kenji Miyazawa's short stories.

শ্রীচরণেষু করবীদি

- রুমা গুপ্ত

স্মৃতিবিজড়িত জিনিস জমিয়ে রাখার একটা বাক্স আছে আমার, যার মধ্যে আমাকে লেখা তোমার চিঠিও আছে । সেগুলোর মধ্যে কিছু চিঠির হয়তো উত্তর দেওয়া হয় নি । তবে আজ বসেছি লিখতে, যদিও জানি এ চিঠির উত্তর আসবে না কোনোদিন ।

তোমার সাথে প্রথম চাক্ষুষ দেখা হওয়ার দিনটির কথা পরিষ্কার মনে আছে আমার । ১৯৮৩ সালের ৯ই আগস্ট জাপানে আমাদের প্রবাস জীবন শুরু হয় দিদিভাই (শিউলী দাশগুপ্ত), বাবলুদা (কল্যাণ দাশগুপ্ত) এবং পান্ত ও কিকুর সাথে একই বাড়িতে । ১০ই আগস্ট বিকেলের দিকে শুনি বাড়ির বাইরের সিঁড়িতে পাখীর কিচিরমিচির আওয়াজ । দিদিভাই বলে উঠলেন, "ওই দ্যাখ, করবী আসছে" । দরজা খোলাই ছিল, তুমি এসে ঢুকলে, বয় কাট চুল, পরণে শাড়ি সামনে আঁচল টেনে কোমড়ে গোঁজা । তখন শাড়িই ছিল তোমার পোষাক । বুঝলাম পাখীর ডাকটা কোথা থেকে আসছিল । প্রথম দেখা, তবে তোমার সাবলীল ঘরোয়া আন্তরিকতায় মুহূর্তের মধ্যে আপন ক'রে নিয়েছিলে । তখন তুমি প্রায় প্রতিদিন আসতে আমাদের বাড়িতে । অতিথি অভ্যাগততে ভরা থাকতো সে বাড়ি, গভীর রাতের আগে সদর দরজা লক্ করা হোত না । রান্নাবান্না শেষ করার জন্য যখন সময়ের সাথে পাল্লা দিতাম আমি আর দিদিভাই, তখন তুমি চলে আসতে মুশকিল আসান হয়ে । চপ গড়ানোয় হাত লাগাতে । প্লেটে সুন্দর ক'রে স্যালাড কেটে সাজিয়ে দেওয়ার ভারটা তুমি নিজের কাঁধেই তুলে নিতে প্রতিবার । অবাক হয়ে দেখতাম ভাজার জন্য মেশিনে কাটার মত নিখুঁত ভাবে ঝিরি ঝিরি ক'রে আলু কাটতে । তুমি ছুরি দিয়ে শসা কেটে তরকারি বানাতে এমন যে লোকে পটলের ডালনা বলে ভুল করতো । তোমার পরিপাটি কাজ আর নৈপুণ্যের এমন আরও অনেক দৃষ্টান্তের গুণমুগ্ধ ছিলাম আমি, যেমনটি ভাল লাগতো তোমার সুন্দর হাতের লেখা আর শ্রদ্ধা করেছি তোমার বাংলা বানানের জ্ঞানকে । "অঞ্জলি" পত্রিকার প্রুফরিডিং-এ যার পরিচয় পেয়েছি বারবার ।

কথা হচ্ছিল অতিথি অভ্যাগত আর রান্নাবান্না নিয়ে । করবীদি, আমি লক্ষ্য করেছি, তুমি যে অনেক গল্প ক'রে আসর জমাতে তা নয়, কিন্তু হাসির ফোয়ারা ছুটতো তোমার টুক্‌টাক্ মন্তব্যে । জাপান নয়, কলকাতার একটা ঘটনা মনে পড়ছে । স্কুল পড়ুয়া রনি'র সেবার কলকাতায় পৈতে দেওয়া হোল । তুমিও ছুটিতে তখন কলকাতায় । পুজো, পৈতে ইত্যাদি শেষ হওয়ার বেশ কিছুক্ষণ পরে তুমি আমাকে ডেকে বললে, "ছেলেটাকে খেতে দিস্ নি? ও ক্ষিধের চোটে মৌরি খাচ্ছে" । রনি সত্যিই ক্যাটেরারের গুছিয়ে রাখা বাটি থেকে মৌরি তুলে খাচ্ছিল । ক্ষিধের তীব্রতা বোঝাতে তোমার ওই দৃষ্টান্তের কথা ভাবলে এখনো খুব হাসি পায় । করবীদি, তুমি আড্ডার আসরে এক কোণায় বসতে চা সিগারেট ও কিছু পছন্দসই স্ন্যাক্স নিয়ে, পরবর্তীকালে এর সাথে যুক্ত হয়েছিল বিয়ার । খাওয়ার মধ্যে চা-সিগারেটই প্রধান, আর যা খেতে তা সামান্য । সামান্য ঘুম । অথচ কি অসম্ভব কর্মঠ ছিলে তুমি তখন, সারাদিন প্রচন্ড পরিশ্রমের পরও চনমনে টগ্‌বগে । এই প্রাণশক্তির উৎস কী ছিল করবীদি? হয়তো বা উৎস ছিল তোমার তখনকার দারুণ ইতিবাচক মন, সহ্যশক্তি আর সবের মধ্যে থেকে কিছু না কিছু আনন্দ খুঁজে নেওয়ার অভ্যেস । মনে পড়ে তোমার সবসময় খুব প্রিয় ছিল একান্তে বসে ছোটবেলার গল্প করা । কত রকম গল্প । তোমার আর ভাইয়াদার একসাথে মিলে দুষ্টুমি করার গল্প । ন'দির বন্ধু বিভাদিকে তো গল্প শুনে শুনেই চিনে ফেলেছিলাম । তোমার সাথে নিরিবিলি আড্ডা দেওয়ার একটা সুন্দর সুযোগ হয়েছিল বছর কয়েক আগে ২রা জানুয়ারী তোমারই বাড়ির কাছে এক রেস্টুরান্টে যা চিরকাল আমার সুখস্মৃতি হয়ে থাকবে । তোমার গল্পের ঝুলিতে পরে যুক্ত হয়েছিল জাপানের অভিবাসন দপ্তর ও পুলিশে তোমার দোভাষী হিসেবে কাজের অভিজ্ঞতার কথা । আমি বলতাম, "করবীদি লিখে ফ্যালো । কয়েক খন্ডের বই হয়ে যাবে" । তুমি বলতে, "ইচ্ছে তো করে, কিন্তু আঙুলের কি দশা দেখেছিস, বেঁকে গেছে" ।

তা ঠিক । শুধু আঙুল নয়, শরীরে আরও কত যন্ত্রণা নিয়ে কাটিয়েছ তুমি । সহ্য করেছো পর পর অপারেশনের কষ্ট । প্রমাণ দিয়েছ অপরিসীম সহ্যশক্তি আর মনোবলের । কয়েক বছরের মধ্যে তোমার প্রচন্ড প্রাণশক্তি আর পরিশ্রম করার ক্ষমতা কমে আসতে দেখলাম চোখের সামনে । যে তুমি এক সময় হাঁটতে এমন গতিতে যে অন্যদের প্রায় দৌড়ে পাল্লা দিতে হোত, সেই তোমাকে দু এক পা চলার জন্য পরে প্রাণান্তকর কষ্ট সহ্য করতে হোত । আমাদের দুর্গাপূজায় বহু বছর পর্যন্ত নিমন্ত্রণ জানিয়ে প্রত্যেক পরিবারের নামে নামে নিজে হাতে কার্ড লিখে পোস্ট করতে তুমি । পুজোর দিন সকালে হল'এর দরজা খোলার অনেক আগেই পৌঁছে যেতে, সারা দিন কত কাজ করতে । সেই তোমাকে যে বছর লক্ষ্য করলাম হল'এর এক কোণায় চেয়ারে বসে আছ চুপচাপ, মনটা খারাপ হয়ে গিয়েছিল । অবস্থা এতটা খারাপ হয়ে পড়ার আগেও তুমি সবকটা রিহার্সালে উপস্থিত থাকতে, হুইসিল্ বাজিয়ে উৎসাহিত করতে । যত দিন সম্ভব হয়েছে বাঙালিদের সব অনুষ্ঠান ও সমাবেশে তুমি অভিভাবকের মত উপস্থিত থেকেছ । সমাজ ও সম্প্রদায়ের প্রতি এমন কর্তব্যবোধ ক'জনের থাকে?

এই কর্তব্যবোধই তোমাকে চালিত করতো সবার সাথে যোগাযোগ রাখতে, সবার খোঁজখবর নিতে তা সে জাপানেই হোক বা অন্য কোনো জায়গায় । এবছর মার্চ মাসে কলকাতায় তোমার সাথে দেখা ক'রে যখন ফিরছি, তুমি বলেছিলে, "টুনিয়া, মাঝে মাঝে ফোন করিস্" । কথা দিয়েছিলাম করবো, কিন্তু সেই কথা আর রাখতে না পেরে অপরাধবোধে বিদ্ধ হচ্ছি । করবীদি, তুমি আত্মীয় আর অনাত্মীয়ের মধ্যে পার্থক্য করোনি । কিন্তু তোমার ঔদার্যের প্রতিদান দিতে পারলাম কই ।

সম্প্রতি কাওয়াসাকি থেকে হোদোগাইয়া চলে এসেছি আমরা । জিনিসপত্র গোছাতে গিয়ে বেরিয়ে এসেছে তোমার ব্যবহার করা একটা অ্যাশট্রে । 'এটা রেখে আর কী হবে' মনে ক'রে ফেলেই দিচ্ছিলাম । তারপর কি ভেবে সঙ্গে নিয়ে এসেছি । বাড়ির উল্টো দিকে পর পর কয়েকটা দোকান । একদিন লক্ষ্য করলাম সেগুলোর মধ্যে একটি হচ্ছে সিগারেট বিক্রির পুরনো ধাঁচের ছোট দোকান । অ্যাশ্‌ট্রেটাও সঙ্গে এসেছে, আছে খাওয়ার ঘরের সাথে এক চিলতে ছাদ । তুমিও যদি এখানে থাকতে এই ছাদই হোত তোমার সিগারেট খাওয়ার জায়গা ।

উপকরণ সবই আছে, নেই শুধু তুমি । আছে দীর্ঘ ৩৫ বছর ধ'রে গড়ে ওঠা সম্পর্কের অজস্র স্মৃতি । প্রিয়জনের মৃত্যু প্রসঙ্গে তুমি বলতে, "কোথাও চলে যায় না ওরা, আমাদের মনের মধ্যেই বেঁচে থাকে চিরকাল" । এই কথারই পুনরাবৃত্তি করেছিলে ভোলা'র (ভোলানাথ পাল) মৃত্যু প্রসঙ্গেও ।

করবীদি, তোমাকেও সায়োনারা বলবো না, কারণ তুমিও আমাদের মনের মধ্যে বেঁচে থাকবে চিরকাল । প্রণাম নিও ।

ইতি রুমা ।

তোমার পরশ আসে.......কখন কে জানে

- মঞ্জুলিকা হানারি (দাশগুপ্ত)

করবীর কথা ভাবতে বসে কবে কোথায় ওর সঙ্গে প্রথম পরিচয় হয়েছিল চিন্তা করতে করতে মনে পড়ে গেল ১৯৭০ সালের কথা । সেটা দুর্গাপুজার সময় । এখানেও শরতের আকাশে মেঘের ভেলা । সাদা কাশফুলের মেলা এদিকওদিক । শিউলিফুলের গন্ধ ভেসে আসে সাত-সমুদ্রের ওপার থেকে । চারদিকে পূজোর পরিবেশ মনটাকে উদাস করে দেয় । উন্মনা মন দেশের আপনজনদের কাছে ফিরে যেতে চায় ।

তখন টোকিয়োতে হাতেগোনা বাঙালী তাই পূজোর কোনও পাটও নেই । পূজোর সময়টাকে ঘিরে সেই হাতেগোনা ক'জন বাঙালীদের বাড়িতে বাড়িতে একসঙ্গে জড়ো হয়ে খাওয়া-দাওয়া আর গল্পগুজব করা অনেকটা রেওয়াজের মত ছিল তখন । হইচই করে দেশমুখো মনটাকে একটু ভুলিয়ে রাখা আরকি!

সেদিনও এক বাড়িতে আমরা সবাই জুটেছি । সে বাড়িতে তখন এক পারিবারিক বন্ধু করবী ছুটি কাটাতে জাপানে বেড়াতে এসেছে । এখানেই পরিচয় হয় ওর সাথে । এখনকার টোকিয়োর বাঙালীরা করবীর যে চেহারা দেখে অভ্যস্ত, তার থেকে অনেকটাই আলাদা ছিল তখন ও । ছিপছিপে সাধারণ বাঙালী চেহারা । সাদা শাড়ী পরা । চোখে দামি ফ্রেমের চশমা, কাঁধ অবধি কার্ল করা চুল । বেশ আধুনিকা আর স্মার্ট । কথাবার্তায় কোন আড়ষ্টতা নেই । প্রথম আলাপেই মনে হোল কতদিনের পরিচয় আমাদের । সেই পরিচয় থেকে আস্তে আস্তে বন্ধুত্ব । আমাদের দুজনের বয়সটা কাছাকাছি হওয়াতে স্বভাবতই বন্ধুত্বটা গভীর হতে বেশি সময় লাগেনি ।

আমার তখন পিঠোপিঠি ছেলেমেয়ে- ২বছরের ছেলে, মেয়ের বয়স কয়েক মাস । তাদের রেখে বাইরে বেরোবার উপায় নেই । করবী বাচ্চা ভীষন ভালবাসতো সেকথা টোকিয়োর সবারই জানা । সেকারণে প্রায়ই আমাদের বাড়িতে আসতো আর বাচ্চাদের সঙ্গে হইহই করে যেত । আমার ছেলে বাড়িতে অপরিচিত কেউ এলে সহজে কাছে ঘেঁষতো না- একটা আঙুল মুখে দিয়ে দূর থেকে তার গতিবিধি লক্ষ করে তারপরে ঠিক করতো কাছে যাবে কি যাবেনা । কিন্তু করবীর ডাকে বিনাদ্বিধায় একবারেই ওর কাছে গেল অর্থাৎ ওকে খুব পছন্দ হয়েছে ।

টোকিয়োর বাচ্চাদের কাছে করবী 'ফুইফুই' নামেই বেশি পরিচিত । এই নাম আসলে আমার ছেলের দেওয়া । আমার স্বামী সিগারেট খেতেননা । আমার ছেলে ছোটবেলায় সিগারেট চিনতো না । একদিন করবীকে সিগারেট খেতে দেখেছিল । পরে একদিন করবী আমাদের বাড়িতে এসেছে, আমি তখন অন্য ঘরে কি একটা কাজে ব্যস্ত । ছেলে এসে আমার শাড়ীটা টেনে ধরে কি যেন বলতে চায় । ও তখন অত কথাও বলতে পারেনা সবটা ইশারা ইঙ্গিতে সারে ।। আমি জিজ্ঞাসা করি কি? মুখের কাছে আঙুল এনে ইশারাতে আস্তে আস্তে বলে 'ফুইফুই' । 'ফুইফুই' শুনে আমি একটু অবাক হয়ে ব্যাপারটা জানার জন্য বাইরের ঘরে এসে দেখি করবী । আমি করবীকে এই কথা বলাতে ও খুব হাসলো । খুব পছন্দ হয় নামটা । তারপর থেকে সব বাচ্চাদের কাছে 'ফুইফুই' নামেই পরিচয় দিতে ভালবাসতো ।

ও জাপানে বেড়াতে এসে থেকে যাবার সিদ্ধান্ত নেয় । তাই আস্তে আস্তে কাজ খুঁজতে শুরু করে । তখন সকলেই যে যেমনভাবে পেরেছে সাহায্যের হাত বাড়িয়েছে । আমার স্বামীর বন্ধুদের বিভিন্ন গ্রুপ ছিল । কোন গ্রুপ ইংরিজি পড়তে চায়, আমাকে এসে বলে । কিন্তু তখন ছোট বাচ্চাদের রেখে নিয়মিত কোন কাজ করা আমার পক্ষে সম্ভব ছিলনা । তখন করবীর সঙ্গে আলাপ করিয়ে দিয়েছি । আবার কোন গ্রুপ ছিল যারা ভারতীয় সংস্কৃতি, রীতি, প্রথা ইত্যাদি জানতে আগ্রহী । তখন ভারতবর্ষ বলতে এদের ধারণা ছিল 'খুব গরম' আর 'কারাই (ঝাল)কারি'র দেশ । তাই ভারতবর্ষ নিয়ে কিছু বলার ব্যাপারে আমারও খুব উৎসাহ ছিল । কিন্তু সবসময় যাওয়া সম্ভব হোতনা । সে'সব সময় করবীর শরণাপন্ন হয়েছি । তবে এদেশে এসে আমরা সবাই যে সমস্যার সম্মুখীন হই, সেই ভাষা সমস্যার মধ্যে পড়তে হয়েছে ওকেও । কিন্তু তার মোকাবিলা করতে নিজের চেষ্টায় ইউনিভার্সিটি থেকে জাপানী ভাষা শিখে পরে বিভিন্ন কাজে যোগ দিয়েছে ।

ইতিমধ্যে টোকিয়োতে দুর্গাপুজাও শুরু হয় । রান্নাঘরের দায়িত্ব নিজে থেকেই ঘাড়ে তুলে নিয়ে ওখানেই থাকতো । যদি কারুর ওকে দরকার হোত তবে রান্নাঘরেই ওকে পেতো । পুজোর দিনে বাচ্চাদের সামলানোটাও ওর একটা কাজ ছিল । যত দুষ্টু বাচ্চাই হোক ওর কথা শুনতো । এসব করতেই ভালবাসতো ।

অসম্ভব মনের জোর ছিল করবীর । শরীরের বিভিন্ন প্রতিকূলতার মধ্যেও একমাত্র মনের জোরে কাজ করে গেছে যতদিন জাপানে ছিল । তারপর ফিরে গেল দেশে নিজের বাড়িতে । আর সেখান থেকে এমন এক দেশে যেখানে গেলে ফেরার ঠিকানা কারুর কাছে থাকেনা ।

আজ এমনভাবে পূজোর ম্যাগাজিনে ওর কথা লিখতে হবে মানে স্মৃতিচারণ করতে হবে কোনদিন ভাবতেও পারিনি । এখনও যেন মেনে নিতে পারিনা । আসলে আমরাতো কাছাকাছি বয়সের ছিলাম ওর এই হঠাৎ করে চলে যাওয়াটা বড় ধাক্কা দিয়েছে মনে । এখনও কেমন অবাক লাগে ।

...সে চলে গেল, বলে গেলনা । সে কোথায় গেল ফিরে এলনা...

যেখানেই আছো, ভাল থেকো করবী । সেই ১৯৭০ থেকে এতগুলো বছর কত সুখ দু:খের সাথী আমরা সেকথা ভুলবোনা কোনদিন । তুমি আছ, থাকবে আমাদের মনে, সবসময় । ■

ভরা থাক স্মৃতিসুধায়

- শিউলী দাশগুপ্ত

করবীর কথা বলতে গেলে মনে হয়, এই তো আসবে এক ব্যাগ ভর্তি ওয়াৎসু (snacks) নিয়ে পান্তু, কিকু, আর রণির জন্য । ও জানত কে কি পছন্দ করে । মহাত্মারা এবং শাস্ত্রে বলেছে – এ জীবন একটা নাটকের মঞ্চ, ভগবানপ্রদত্ত এই শরীর, অভিনয়ও করতে হবে তাঁরই পরিচালনায় । এই জীবনমঞ্চে করবীর সঙ্গে অভিনয় করে এসেছি প্রায় ৪৫ বছর ।

১৯৭৩ সালে আমরা দুজন, বড় মেয়ে এণিকা (পান্তু)কে নিয়ে তোওকিয়োতে এলাম । পান্তুর বয়স তখন ৫ বছর । নতুন জায়গা, বাবা-মা ছাড়া ওর পরিচিত কেউ নেই, ভাষাও জানে না, আত্মীয়, বন্ধুবান্ধব যাঁদের আদরে ওর প্রথম ৫ বছর কেটেছে তারা কাছে কেউ নেই । তার উপর জাপানী বাচ্চাদের সঙ্গে স্কুলে যাচ্ছে অথচ সেই ভাষা এক বিন্দুও জানা নেই । বাড়িতে কল্যাণ দাশগুপ্ত, আমার স্বামী খুব ভাল জাপানী জানেন, তাঁর কাছে জাপানী বন্ধুবান্ধবরা প্রায়ই আসতেন, আমরা চুপ করে

বসে অপেক্ষা করতাম কখন আমার স্বামী বলে দেবেন কি কথা হচ্ছে । রাস্তাঘাটে, দোকান বাজারে বাঙালীর দেখা পাওয়া তো দূরস্থান, ভারতীয়ও দেখা মিলত না । খাবারের অবস্থা তথৈবচ – সবই আমাদের অজানা । এখন ভাবলে অবাক লাগে এই জাপানী খাবার কি ভালো লাগে খেতে! মনে আছে ফুলের দোকান থেকে লঙ্কার সন্ধান পেলাম – ওরা ইকেবানা করে আর আমি কিনতাম খাবার জন্য ।

একদিন বিকেলে আমার স্বামী কাজের থেকে ফিরে বললেন, মিঃ চ্যাটার্জী ফোন করে এই রবিবার নেমন্তন্ন করেছেন বিজয়া সম্মিলনী হবে ওনাদের বাড়িতে । আমরা মেয়েকে নিয়ে গেলাম । পাঁচ ছ'টি বাঙালী পরিবার এবং কয়েকজন একাও এসেছেন । মিসেস চ্যাটার্জী (জয়শ্রী) আমাদের মেয়ের সঙ্গে ওর মেয়ে ও ছেলের আলাপ করিয়ে দিলেন । বাচ্চাদের ঘরেই করবীর সাথে প্রথম আলাপ । বয়কাট চুল, শাড়ী জড়ানো মহিলা সিগারেট খাচ্ছেন – প্রথমটাতে অদ্ভুত লাগলো, কিন্তু অল্প সময়ের মধ্যেই ও পান্তু আর তার মা'য়ের মন জয় করে নিল । বাড়ি ফেরার পথে ও বলল এই সপ্তাহেই ও আমাদের বাড়ি আসবে । মেয়ে তো বটেই আমরা দুজনে ততক্ষণে 'তুই' হয়ে গিয়েছি ওর কাছে । এরপর ও খুব তাড়াতাড়িই আমাদের পরিবারের সদস্য হয়ে গেল । করবী পান্তুর কাছে মাসি ও পিসি দুই-ই । এর মধ্যে পান্তুর বয়েস যখন সাত, তখন কিকু জন্মাল । করবীর পুতুল খেলা শুরু হল । কিকুকে ডাকতো কিকলু বলে, আবার কখনও ডাকতো কিকচান বলে । বাচ্চাদের পড়াশোনাতে তো সাহায্য করতোই – ওদের, বিশেষ করে পান্তুর গুচি (গোপনকথা)ও শুনত । ও আসলে বাচ্চারা খুব আনন্দ করতো । এইভাবেই ও আমাদের পরিবারের একজন হয়ে গেল । তোওকিওতে বাঙালী পরিবার কম ছিল, আস্তে আস্তে কয়েকজন ছাত্র এবং ট্রেনিং নিতে বা চাকরির সূত্রে এসে পরল । করবী মাঝে মাঝেই আমাদের সাথে রাত্রি থাকত । একদিন রাত্রে গল্প করতে করতে আমি ও'কে বললাম সরস্বতী পুজো করলে কেমন হয়? পুজো কে করবে, এবং কোথায় হবে যখন ভাবছি তখন মনে হল সুদেব এসেছে, ওকে জিজ্ঞাসা করতে হবে । সুদেব তখন ছাত্র হয়ে এসেছে, এবং আমাদের বাড়িতে শনিবারের আড্ডাতে আসে । ওকে বলতে ও জানালো ওর বাবার কাছ থেকে অনুমতি নিয়ে জানাবে । বলা বাহুল্য অনুমতি নিয়ে ও রাজী হয়ে গেল । পরের বছর থেকে আমাদের সরস্বতী পূজা শুরু হয়ে গেল ।

হল ভাড়া করা, বাজার করা, সবেতেই করবী থাকত আমাদের সাথে । বাঙালী এবং জাপানীরা আসত পুজোতে । ছোটখাট অনুষ্ঠানও হত । পুজোর আগের দিন সুদেব চলে আসত আমাদের বাড়িতে । আমাদের ভোগের রান্না শেষ হলে রান্নাঘর পরিষ্কার করে দিলে সকাল বেলায় সুদেব ঠাকুরের ভোগ নিজে হাতে রান্না করত, মিষ্টিও বানাত । এর মধ্যে গৌতম, রুমা রণিকে নিয়ে তোওকিয়োতে এসে গেল । সেই বছর

সরস্বতী পুজোয় করবী, রুমা আর আমি মিলে পুরো খিচুরি আর তরকারি বানিয়ে ছিলাম । পুজোর আগে চলে যেত সবার আগে । পুজোর হিসাব, চাঁদা তোলা সবকাজই একা করত । আগে ও পরে গোছানোর কাজ নিখুঁত ভাবে করত ।

করবীকে দেখে ভাবতাম এভাবে একা একা জীবন ওর ভাল লাগে কিনা । মুখে কখনও বলেনি ও একা, সবার বাড়ি যেত, বাচ্চারা ওকে খুব ভালোবাসত । মনে হয়, নিজের সংসার না থাকলেও আমাদের সকলের সংসার ওর সংসার হয়ে উঠেছিল । তোওকিয়ো-র বাঙালি ও জাপানিরাই ওর সংসার ।

আমাদের বাড়িতে আসলে রান্নাঘরে খুব সাহায্য করত, কিন্তু নিজে খেত অতি সামান্য । নিরামিষ তো খেতই তার মধ্যেও বাছাবাছি ছিল । চা, বিস্কুট, বাদাম খেয়ে দিনের বেলা চালাত । রাত্রে একটু ভাত, তার উপর লঙ্কাগুঁড়ো, সাথে ডাল আর ভাজা আর একটু পছন্দমত তরকারি । মোটামুটি জীবনীশক্তি পেত সিগারেট আর লঙ্কা থেকেই । আমার মনে হত সিগারেট কোম্পানিকে বলে দিলে ওর উপর ভাল একটা বিজ্ঞাপন তৈরি করতে পারে ।

এর মধ্যে আমরা চারবন্ধু মিলে একটা ক্যাটারিং এর ব্যবসা শুরু করলাম, নাম দিল আমার স্বামী –রান্নাগ্রুপ । মেনুকার্ডও তৈরি হল । আমাদের তিনজনের বাড়িতেই রান্না হত । যে পাড়ার কাছাকাছি অর্ডার আসত, সে বাড়িতে রান্না হত । আমাদের বাড়িতে রান্নার মশলা, ট্রে, ফয়েল, ইত্যাদি প্রয়োজনীয় জিনিষ করবী গুছিয়ে রাখত । আমার ছোটমেয়ে কিকু হওয়ার পর থেকেই আমি গাড়ি চালাতাম । তাই গাড়ি করে খাবার পৌঁছে দেওয়াতে কোনও অসুবিধা হত না । আমাদের গ্রুপে ছিল করবী, মঞ্জুলিকা, ইভু বৌদি (শহিদদার স্ত্রী) আর আমি । বৌদি মোগলাই রান্না দারুণ করতেন । মেনুতে সিঙ্গারাও ছিল এবং জাপানিরা ভালোওবাসত । করবীর কাজ ছিল গড়াবার । সব মাপমতো হত এবং উপর দিয়ে একটু লেবুও দিত । আমাদের খদ্দেররা ছিল জাপানী এবং এর মধ্যে টেলিভিশনের তারকারা এবং TV চ্যানেলের স্টুডিও থেকেও অর্ডার আসত । বো-নেন-কাই এবং Christmas এর সময় আমরা খুব ব্যস্ত থাকতাম – টেলিভিশানে কয়েকবার আমাদের রান্নাগ্রুপের ইন্টারভিউ হয়েছে । জাপানী ম্যাগাজিনও আমাদের কথা ছবিসহ ছাপিয়েছে । করবীর আরেকটা কাজ ছিল, মাঝে মাঝেই চা বানিয়ে বলত ইপ্পুকু (একটু বিশ্রাম) নে তারপর রান্না করিস । রান্নার ফাঁকে ফাঁকে আড্ডা আর করবীর চুটকি আমাদের কাজে উৎসাহ দিত । ব্যবসার হিসাব ও রাখতো । অর্ডার পৌঁছে টাকার হিসাব করে লিখে সবাইকে প্রাপ্য টাকা দিয়ে দিত ।

করবী মুখার্জী – সকলে তাকে কিভাবে ডাকত, সেই কথায় আসি । বেশির ভাগ বাঙ্গালিরা ডাকত করবী বা করবীদি, কারাবি সান, মুকারজী সান ছিল জাপানীদের জন্য । সব বাচ্চারা এবং বড়রাও কেউ কেউ ওকে

ডাকত ফুই ফুই বলে । এ নামটা দিয়েছিল মঞ্জুলিকার বড় ছেলে হিতোশি চান । কারণ ছিল, ও কারও বাড়িতে ঢোকার সময় একটা শিষ দিত এবং সিগারেট খেত – তাই বাচ্চাটি মনের মতো ঐ নামটি দিয়েছিল । তোওকিয়োতে বড় হওয়া বাচ্চাদের কাছে ফুই ফুই খুব প্রিয় নাম ।

তোওকিয়োতে ইতিমধ্যে বাঙালি আসতে শুরু করেছে – ভারতীয় ব্যাংক, ভারতীয় দূতাবাস এবং আমেরিকার বিভিন্ন কোম্পানী থেকে কাজে কিছু বাঙালি আসল । করবী আর আমি খোঁজ নিতে লাগলাম কে কি জানে- উদ্দেশ্য ছিল সাংস্কৃতিক অনুষ্ঠান করার । তোওকিয়োতে নৃত্যনাট্য, রবীন্দ্রজয়ন্তীর অনুষ্ঠান করা হল । করবী খুব ভাল গান করত – আমার স্বামী কল্যাণ দাশগুপ্তর সঙ্গে অনেকবার গান করেছে । প্রথম দিন থেকেই আমাদের দুজনকে তুই বলে সম্বোধন করেছিল, তাই ও ছিল আমার দিদি আর কল্যাণ ভাই ।

করবীকে প্রথম থেকে শাড়ি পরতে দেখতাম আচলটা জড়িয়ে । হাঁটতেও প্রচুর কষ্ট হত মনে হয় । আমি অনেকবার বলেছি শাড়ীর বদলে অন্য কিছু পরতে । জেদ ছিল অসম্ভব – রাজী হয়নি । একদিন রাত্রে আমাদের বাড়িতে বলল তোর একটা কামিজ দে তো, পরে দেখতে চাই কেমন লাগে – ও পরতেই ছবি তোলা হল । ছবি দেখে ও বলল বানাবোটা কোথায়? সঙ্গে সঙ্গে আমি বললাম আজাদের স্ত্রী রেণুই বানিয়ে দেবে ।

আমরা অর্থাৎ রেণু, করবী আর আমি গাইগোদাইতে (তোওকিয়ো বিদেশি ভাষা বিশ্ববিদ্যালয়) একসঙ্গে কাজ করতাম । অফিস ফেরত কাপড় কেনা হল আর রেণু ওর কয়েকটা কামিজ বানিয়ে দিল । ওর পোষাক তারপর ওটাই থেকে গেল ।

আমাদের বাড়িতে পার্টি হবে – রুমা আর আমি রান্নাতে লেগে গিয়েছি আর শেষের দিকে তিনটে চারটে নাগাদ করবী এসে যেত । এসেই হাত ধুয়ে চা বানিয়ে একসঙ্গে খাওয়া হত তারপর বলত মা'রা যা সেজেগুজে আয় । আমরাও তৈরী হতাম এবং এসে দেখতাম টেবিল সাজানো হয়ে গিয়েছে, আর সুন্দর করে স্যালাডও কেটে রাখা হয়েছে ।

দুর্গাপুজোও এবার শুরু হল – সুদেব অনুমতি পাওয়ার পর থেকে । ঠাকুরের মূর্তি পাওয়া গেল না, আমাদের বাড়ি থেকে দুর্গার ছবি নিয়ে তাকে সাজানো হল । রীতারাও তখন এসেছে, সবাই মিলে সাজিয়ে ফেললাম । কি আনন্দ তোওকিয়োতে দুর্গাপুজো হবে । হল'ও ভাড়া হল, আগের দিন গিয়ে সব ব্যবস্থা করে আসা হল । যথারীতি ও আগেই চলে গেল পুজোর জায়গায় । করবী থাকলে হল খোলা এবং প্রাথমিক কাজের কথা ভাবতে হত না ।

করবী আমাদের বাড়িতে একসময় রোজ আসত এবং খাওয়া দাওয়া করে ওকে পৌঁছে দিতাম । ও তখন থাকত শিনজুকুতে । সাধারণতঃ ওর গলির মুখে নামিয়ে দিতাম – একদিন কোনও কারণে গলির ভিতরে ঢুকতে হল – দেখি সাঙ্ঘাতিক জায়গা – পুরো পাতালপুরী, কেউ কেউ রাস্তাতেই শুয়ে আছে । জিগেস করলাম "তোমার ভয় করে না" উত্তর দিলো "নিকুচি করেছে, ওরা কি করবে, বড়জোর একটা সিগারেট চাইবে" । বাঙালি মেয়ের সাহস দেখে অবাক হলাম । পরবর্তী জীবনে ওর কাজ ছিল পুলিশদের সাথে – তারও সব মজার মজার গল্প বলত, শুনতাম ।

১৯৯২ সালে আমরা অর্থাৎ আমরা দুজনে মেয়েদের নিয়ে চলে এলাম আমেরিকায় । হঠাৎ-ই ঠিক হলো – ও আমাদের বাড়িতে ছিল তখন, ওকে বলতে ও বেশ কিছুক্ষণ চুপ করে থাকল, তারপর বলল এবার আমেরিকায় বেড়াব । সত্যিই ও আমাদের কাছে অনেকবার এসেছে – মেয়েদের বিয়েতে, বড় নাতির অন্নপ্রাশনেও এসেছে এবং একই ভাবে পাশে থেকে সাহায্য করেছে ।

আপন করে নেওয়ার ক্ষমতা ছিল অসীম – ওর ফোনে বিশ্বের সব প্রান্তের বন্ধুদের খবর পেতাম । আরেকটা গুণ ছিল অসাধারণ তা হল ক্ষমা করার । কারোর উপর দুঃখ বা রাগ হলে অচিরে নিজেই মিটিয়ে নিত । অনেক অপমান এইভাবে মিটিয়ে নিয়ে শান্তি পেত ।

ওর সঙ্গে অভিনয়ের শেষ পর্ব ছিল দীয়ার (শ্যামল, রীতার মেয়ে) বিয়েতে । একসঙ্গে অনেক গল্পগুজব, খাওয়া দাওয়া হল । একবারও ভাবি

নি সেই আমাদের শেষ অভিনয় । ভগবান ওকে ওর সম্মান থেকে বঞ্চিত করেন নি । কারও সাহায্য ছাড়াই ও মুক্তি পেয়েছে ।

ও আমাদের মনের মধ্যে বিশেষ জায়গা করে গিয়েছে, যা ওর ভালোবাসা আর রসিকতায় পরিপূর্ণ ।

"ভরা থাক স্মৃতিসুধায় হৃদয়ের পাত্রখানি...... ।। "

「コロビ・ムカルジーさん」に捧ぐ

－神戸　朋子

またお会い出来る日がくると信じて過ごしていた日々の中に、突然の悲報が届き、信じられない思いだった。

二年前にインドに帰られてからは、近況を伝える長文のお手紙も頂き、「日本に行きたい」とのお元気そうな文章がしたためられていたので。

帰国されるその月まで、月に一回、タゴール歌曲の訳詩と「 শিশু ভোলানাথ 」の訳を見て頂いていた。姪御さんの結婚式に出席のため帰られ、「日本に戻ってきたら連絡致します」ということになっていたので、お待ちしていたのである。

「日本での滞在が長かったので、インドでの親族の方々とは疎遠になってしまった」と申され、日本での暮らしに愛着を抱いておられた。これからは、「日本でこのようなことをしたい」という抱負も語られていた。

一度（ひとたび）、タゴールの歌詞に触れられると、（日本での不安や悩み等）は一瞬のうちに消え失せ、タゴールの大きな世界の中へ吸い寄せられてゆかれるのを感じさせられた。

確かに、タゴールの歌は、人間の魂の言葉であり永遠なるものへの祈りの賛歌にあふれている。そして、インドの古代からの伝説や叙事詩や哲学や文化が根底にあり、永遠につづくロマンの世界や叙事詩の世界へ誘う魔力が秘められている。そしてコロビさんは幼少時代より、タゴールの思想や哲学に馴染み、一生を通して通奏低音のように流れ続け、血と肉となっておられた。それらが、コロビさんの心に力と希望を与え、障碍や束縛から自由にし、人生の目標なり道標となっていたことを、ひしひしと感じさせられた。

タゴールの詩は、言葉の意味だけは分かっても、その背景にあるインドの長い歴史に培われた哲学や文化を汲み取ることは難しい。それらがコロビさんには知識となって蓄えられており、生きた力となっていた。時折心に浮かぶ詩を朗読されては、目は空にはるか遠くへ思いを馳せるかのように、懐かしんでおられた。コロビさんにとって、尊敬し愛して止まぬタゴールの存在が、生涯を通して共に在るということが、羨ましく思われる瞬間であった。

又、コロビさんとは、「タゴール歌曲の夕べ」のコンサートの第５回に当る１９８９年から第２８回の２０１１年まで、ずっと日印交流の場を取り持って頂き、おかげで長きに渡って共に歩むことができた。在日ベンガル協会の皆様との交流も、掛替えのない宝となっている。

「　今や　私の時になった
　　旅立ちの　扉を開けてください
私は眺め、出会い、光と影とで過ごしました
　　それは　夢だと忘れさせてください
空は　はるかな歌で満ち、
　　こころは　目に見えない国へ惹かれる
はるかさよ、麗しさよ、心の恋人への道を教えてください
　　すべての覆いを取り去ってください　」

このタゴールの詩のように、この世とは比べようもない聖なる御方の住まうはるかな世界へ、旅立って行かれたように思う。

「　一粒の麦が地に落ちて死ななければ、それはただ一粒のままである。
しかし、もし死んだなら、豊かな実を結ぶようになる。　」

という聖句の言葉のように、コロビさんは、日本の地に、タゴールの世界とベンガルの文化の種蒔いて下さった。その実が日本で結ばれるのを、現世を超えた、果てしなく広い世界から、見守っておられることと思う。

２０１８年8月１３日

শ্রদ্ধেয় フイフイコロビディ

〜敬愛なるコロビ先生へ〜

– 奥田　由香

お元気ですか

そちらでは、コルセットも要らなくなって、随分、体が楽になったことでしょう。

軽やかに、ほらスキップだってできるのよと、童心にかえって笑うあなたの横顔が見えます。

最後に別れたのは、四ツ谷の駅の橋の上だったのを覚えていますか？

DILAの新年会を、あなたは途中で抜け出してしまい、私は急いで降りて追いかけました、あなたに渡したかった靴下を握りしめて。それは、ひと足遅れのクリスマスプレゼントで、もう遅れるわけにはいかなかったのです。何で靴下かって、それは、私なりに色々考えたのです。だって、コロビディ、あなたは人にプレゼントするのは楽しげなのに、プレゼントを受け取るのがとっても下手でしたから。ゴムの柔らかな靴下なら、渋々でも受け取ってくれるだろうと思ったのです。案の定、あなたはいつもの口癖で、「なんで、バカだね」と言うので、私は無理やり、あなたの黒い小さなカートの中に押し込みました。橋の上で、そんなやり取りが、あなたとの最後になってしまうなんて。コロビディ、あの靴下は、少しは役にたったのかしら。

それから、私たちは、ほら、紙の辞書を一緒に作ろうと燃えていた時期もありました。ベンガル語と日本語の、CDでなく、紙媒体にこだわって。そうです、あなたは、何でも拘りというものがあって、正しくないものはダメ！正義と尊厳を重んじて、そのボーダーラインから少しでも外れると、コテンパでした。今だから言えますが、あなたは、とっても頑固なディディでしたよ。わかっています、私がこんな生意気なことを言っても、今ならあなたは許してくれるって。でも、私は今、あなたのその頑固さを思い出すだけで、涙が溢れてくるのですよ。それが、丸ごとのあなただったから。頑固な奥に、深い愛があったから。いつも、みんなのことを先に考えて、裏から支えてくれていました。あなたの優しさに触れなかった人はいません。私には、歌うことを、いつも励ましてくれましたね。「いいよ、どんどんやりなさい、ガンバレ、がんばれ」と。あなたの声が聞こえます。あの辞書を完成できなかったのは残念だったけれど、それは、失礼ですがあなたにも一つ原因があって、作業に入るまでの序章が長く、長く、いざ取り掛かる頃には、終わりの時間がきてしまっていたのですから。でもね、コロビディ、その序章こそ、私だけにくださった宝の時間でした。お転婆さんだった頃の思い出や、尊敬するお父様のお話や、特に愛するベンガル語や文学の話には花が咲きましたね。はたまたお世話になっているケアマネジャーさんには、厳しいお言葉も飛び出し、色々。あなたのストーリーは溢れ出したら、「jai hok、ところで」に辿り着くまで、まるで、絵解き歌、Potuaの物語りのようでした。私たちの紙の辞書は、幻となりましたが、あなたとそうして笑い、過ごした時間は、掛け替えがありません。

コロビディ、ところで、そちらでは、懐かしい皆さまと再会を果たされ、お忙しいことでしょう。奈良先生と笑顔で談笑されるお二人が光に包まれて、とても眩しいです。コロビディ、でも、あなたがいなくなったとは思っていません。迷った時には、あなたの笑顔か、あなたの雷か、いつもあなたを仰いでいます。どうか、諦めずに、ずっと今まで通り、私の、私たちのフイフイコロビディでいてください。

大丈夫、あなたの返信は、いつも心に届きます。ベンガル語のクラスもあなたの願いどおり、皆さんと頑張っています。

そうそう、いただいた朱色のペンのインクが切れてしまい、昨日、入れ直したところです。このペンを持つと、何かパワーを貰えるような気がするのです。

長くなりましたが、今日は、『オンジョリ』編集部の皆さんのお陰で、こうしてあなたと通信できて幸せでした。

大好きなコロビディ、アバル デカホベ。

感謝をこめて、由香より

追伸：宙に浮いた辞書をどうするか、あなたのメッセージを待ちたいと思います。 ■

কে যায় অমৃতধামযাত্রী

- ভাস্বতী ঘোষ (সেনগুপ্ত)

আমরা ২০০১ সালে জাপানে যাই ও ২০১৭ সাল পর্যন্ত ছিলাম । এই ১৫/১৬ বছরে করবীদির সাথে পরিচয় ঘনিষ্ঠতায় পরিণত হয় । করবীদির সম্বন্ধে লিখতে বসে এখন অসংখ্য স্মৃতি মনে ভিড় করে আসছে । প্রথম দেখা হয় ২০০১ সালের ১৮ই আগষ্ট রেংকোজি মন্দিরে --- নেতাজীর ভস্মকলসের পুজোতে । আমাদের দেখে এগিয়ে এসে নিজেই আলাপ করলেন এবং শ্যামলদা রীতাদি, গৌতমদা রুমাদি, জ্যোতির্ময়দা সীতাদি ও আরও অনেকের সাথে পরিচয় করিয়ে দিলেন । তার কিছু দিনের মধ্যেই ছিল নমস্তে ইন্ডিয়ার অনুষ্ঠান । সেখানে আবার দেখা । মা (আমার শ্বাশুরী মা) এসেছেন শুনেই বললেন বাড়ি আসবেন সুযোগ ক'রে । মা মঞ্জুলিকাদির সাথে ফোনে প্রায়ই গল্প করতেন । দেশ ছেড়ে এসেছেন, জাপানী ভাষা জানা নেই, তাই কথা বলার লোক খুঁজতেন, করবীদিকে পেয়ে তো খুব খুশী । যেখানে যাই অনুষ্ঠান হোত বা রিহার্সাল হোত, করবীদি অতি অবশ্যই উপস্থিত থাকতেন এবং বেশীর ভাগ সময়ই সর্বপ্রথম উপস্থিত হতেন । সময়ানুবর্তীতা করবীদির এক বিশেষ গুণ ছিল ।

তার পর থেকে করবীদি প্রায়ই বাড়ীতে আসতেন ও মা খুব খুশী হতেন । দুর্গাপুজোতে করবীদি রান্নার কাজে বা চা বানানোর কাজে সাহায্য করছেন এটাই প্রথম প্রথম দেখতাম, তাছাড়া আপ্যায়নও করতেন । সেই বছরই ডিসেম্বর মাসে সীতাদি জ্যোতির্ময়দা দিল্লী ফিরে গেলেন । তাই তাদের বিদায় সম্ভাষণ জানানো হোল । সেখানেও করবীদির সাথে দেখা । এরকম ছোটখাট ঘরোয়া জমায়েত অথবা অনুষ্ঠান থাকলেই অতি অবশ্যই করবীদি থাকতেন । সকলের সাথে যোগাযোগ রাখতে খুব ভালবাসতেন, ফোন করতেন অথবা দেখা করতে যেতেন । সমস্ত বাঙালীদের কাছেই তাই করবীদির এক বিশেষ স্থান আছে ।

করবীদির চরিত্রের এক বিশেষ দিক ছিল চূড়ান্ত মনের জোর । শত শারীরিক অসুবিধা ও বাধা সত্ত্বেও উনি নিজের কর্তব্যের অবহেলা করেননি । মেরুদণ্ডের অপারেশনের পর থেকে করবীদির হাঁটা চলা, বসা শোওয়াতে অসুবিধা শুরু হয়েছিল । কিন্তু করবীদি সেসব অগ্রাহ্য করে সব জায়গাতেই যেতেন । এই রকম মনের জোর খুবই বিরল । করবীদির সুমিষ্ট গলা, আমরা মাঝেমধ্যে গান গাইতে শুনেছি । আমাদের আগে যারা জাপানে থেকেছেন তারা তো নিশ্চয়ই করবীদির গান শুনেছেন ।

বাঙালীরা ছাড়াও করবীদির বেশ কিছু অবাঙালী এবং জাপানি বন্ধু ছিলেন । শ্রীমতী তোমোকো খাম্বে সান, আযুমা সেনসেই, নারা সেনসেই, ইউকা, সেৎসু ও আরও বেশ কিছু শ্রদ্ধেয় মানুষদের সঙ্গে করবীদির ঘনিষ্ঠতা ছিল । তাঁদের সকলের কথা বার বারই করবীদির কাছে শুনতাম । ভারতীয় দূতাবাসে যখন বাঙলা পড়াতে যেতেন তখন ছাত্রীদের বাঙলা গানও শিখিয়েছেন । বাঙালা ভাষাকে কিভাবে আকর্ষণীয় ও মনোগ্রাহী করা যায় সেসব নিয়ে নানারকম ভাবনাচিন্তা করতেন ।

করবীদি আকাসাকার বাড়ীতে যখন ছিলেন তখন আমরা প্রায়ই একসাথে বেড়াতে যেতাম । এই রকম একটি বেড়ানোর কথা মনে পড়ছে । বিখ্যাত শিল্পী ওকাকুরা তেনশিনের সংগ্রহশালা ইবারাকি কেন'এ গেছিলাম, মা ও করবীদি সাথে ছিলেন । এছাড়া পিকাসো'র মিউজিয়াম দেখতে গেলাম । সেখানেও করবীদি সাথে । আমরা প্রায় প্রত্যেক শনি রবিবার বেরিয়ে পড়তাম ও অধিকাংশ সময়ই করবীদি সাথে থাকতেন । সারা রাস্তা গল্প শুনতে শুনতে বা গান শুনতে শুনতে যাওয়া হোত । ২০০৮ সালে আমি বায়না ধরলাম যে রথযাত্রা দেখতে যাব । তখন কাওয়াসাকিতে রথযাত্রা হোতনা, নিশিকাসাইয়ে হোত । সেবছর আবার আমার পা ভেঙেছিল, তাই তখন ক্রাচ দিয়ে হাঁটছি, বিশ্ব খুব একটা রাজী ছিলনা, করবীদি বললেন, "চল্, আমরা দেখে আসি কেমন হয় এখানে" । অতএব আমাদের যাওয়া হোল । দিয়া আমার সাথে সাথে থাকলো যাতে ক্রাচ নিয়ে পড়ে না যাই । ফেরার পথে করবীদি পুরীর গল্প, রথের গল্প, কলকাতার জিলিপি-পাঁপড় ভাজার গল্প আর উড়ে ঠাকুরদের গল্প শোনালেন । করবীদি যখনই আসতেন তখনই নানান গল্প শোনাতেন । আমরা আসার আগে জাপানে কোথায় কি হোত, কারা কারা ছিলেন, পুজো কিভাবে শুরু হোল ইত্যাদি নানা প্রসঙ্গ । এই ভাবেই অনেকের কথা শুনেছি । যাদের নাম খুব বেশী শুনেছি তারা হলেন শিউলীদি ও কল্যাণদা । ওনারা তখন আমেরিকায় । ওনাদের মেয়ের বিয়েতে করবীদি গেলেন । ওনাদের সাথে যে খুবই ঘনিষ্ঠতা ছিল সেটা বোঝা যেত । করবীদি সকলের বাড়ী যেতেন ও যোগাযোগ রাখতে ভালবাসতেন । সুপর্ণারা থাকত হিরো'তে, করবীদির বাড়ীর সবচেয়ে কাছে । তাই ওখানে প্রায়ই যেতেন, আর আমিও ওদের বাড়ী প্রায়ই যেতাম । তাই ওখানেও করবীদির সাথে দেখা হোত । অর্পনের (সুপর্ণার ছেলে) সাথে আমাদের খুব ভাল সময় কাটত ।

আমাদের বাড়ী যখন আসতেন তখন আমি যদি রান্নাঘরে থাকতাম তাহলে করবীদি বলতেন, "দে, সব্জি কেটে দিই" । টেবিলে বসে সব্জি কাটতে কাটতে গল্প শোনাতেন । আবার অনেক সময় একসাথে বসে টেলিভিশানে সিনেমাও দেখতাম । একবার কথা প্রসঙ্গে জানতে পারলাম যে সৈয়দ মুজতবা আলীর সাথে করবীদের ঘনিষ্ঠতা আছে, করবীদি চাচা বলে ডাকতেন । আমি সেই শুনে বললাম যে আমি ওনার লেখা খুব ভালবাসি, অপূর্ব লেখেন । 'শবনম' বইটা খুব পড়তে ইচ্ছা করছে, কিন্তু আমার কাছে নেই । সেই শুনে কলকাতা থেকে করবীদি আমার জন্য 'শবনম' কিনে এনে উপহার দিলেন । বইটি আমার কাছে সযত্নে রয়েছে । করবীদির কাছে এত গল্প শুনেছি যে সেসব লিপিবদ্ধ করলে একটা গল্প-সংকলন হতে পারত । কিন্তু দুর্ভাগ্যবশত তা আর হয়নি । আমি সেলাই করি জেনে নিজের সেলাই মেশিনটা আমাকে দিয়েছিলেন, কারণ তখন করবীদি আর সেলাই করতে পারছেন না হাতের জন্য । সেলাই, চিঠিলেখা এসবে খুব উৎসাহ দিতেন ও খুশী হতেন ।

নিপ্পন বেদান্ত সোসাইটি'র (রামকৃষ্ণ মিশন) প্রত্যেকটি মিটিংয়ে যেতেন, শেষের দিকে খুব সম্ভব আর পারতেন না । এছাড়া 'অঞ্জলি'র প্রুফ রিডিংয়ের কাজেও আসতেন । আকাসাকার বাড়ী ছেড়ে শেষের দিকে যে বাড়ীতে গেলেন সেটি আমাদের বাড়ী থেকে বহু দূরে ছিল, তাই যাতায়াত সহজ ছিলনা । তাছাড়া অপারেশনের পর থেকেই হাঁটাচলাতেও অসুবিধা হচ্ছিল যদিও করবীদি অগ্রাহ্য করতেই চাইতেন । অত্যন্ত দৃঢ়প্রতিজ্ঞ, স্বাধীনচেতা ও স্নেহশীলা ছিলেন । জাপানে প্রায় ৪৭/৪৮ বছর ছিলেন, তাই এটাই ওনার দেশ হয়ে গিয়েছিল । শুনেছি কলকাতায় গিয়ে ভাল লাগত না বলে বলতেন, "আমি জাপানে ফিরে যাব, তোদের দেশটা ভাল নয়" । তা আর হোলনা, করবীদি ৭ই এপ্রিল ২০১৮ সকলকে ছেড়ে পাড়ি দিলেন অমৃতধামের পথে । যদিও শারীরিক ভাবে ওনার সাথে আর দেখা হবেনা, কিন্তু উনি থেকে গেলেন আমাদের সকলের অন্তরে চিরদিনের জন্য ।

করবীদি, তোমাকে নিয়ে একটু স্মৃতিচারণা করলাম, রাগ কোর না, ভাল থেকো ও প্রণাম নিও ।

- ভাস্বতী

カラビさんとネイバリーの仲間たち

– ネイバリー

1999年12月31日深夜。私たちはインド・ジャイプルで新年を迎かえようとしていた。20世紀から21世紀への世紀の変わり目を悠久の大地インドで見ようと集まったメンバーであった。「私たち」とは、ムカルジ・カラビさんと日本人（男性2人、女性3人）の計6名のメンバーである。12月24日に日本を発ち、ムンバイ・アジャンタ・エローラを経てこの日ジャイプルに辿り着いた。砂漠の入り口の町でのカウントダウンは花火も上がり大いに盛り上がった。年明けてニューデリーでコルカタの実家に戻られるカラビさんと別れ帰国した、思いで深い旅であった。この旅の縁がカラビさんと私たちを繋ぎ、以降、今回の訃報に接するまで続いた。

ハードな旅であったが当時のカラビさんはまだお元気で、アジャンタの石窟寺院の崖の道も颯爽と歩かれていた姿が今でも思い出される。旅の途中では、インドの歴史や文化、人、シキタリなど丁寧に、時に厳しく教えてくださった。最初の到着地ムンバイではドービー・ガート（巨大な洗濯場）にも連れ行かれて、後に「日本人を最初にそういう所を案内するとは」と、知人に言われたと聞くが、何でも見せようという彼女らしいセレクトであったのではないだろうか。

帰国後、私たちはインド人と日本人は隣人＝ネイバーという意味を込め「ネイバリー」というグループを結成し、バウルの日本公演を計画した。インド本国や旅行会社との許可申請のやり取り、シャンティニケタンのバウルへの手紙のやり取り等、日本語、ベンガル語、英語全てを分かるカラビさんの助言なくしては公演まで辿りつけなかったであろう。なかでも、バウルの歌詞の意味を一つ一つ教えてくれ、日本人のバウル研究者を紹介してくれたのも彼女である。これらは単にtranslateでなく、異文化を同時に理解する彼女の立場、存在が大きく、今さらながら感謝の念が湧いてくる。

2002年の公演は無事成功を収め、特に沖縄公演が印象深い。私たちもカラビさんも当時は仕事で日々忙しかったので旅行気分でのこの沖縄行きは、ことのほか楽しく、バウルと共にグラスボートに乗ったり、摩文仁の丘を訪れたりした。カラビさんは若い頃一度、沖縄を訪れたことがあり、二度目の訪問であった。インドと似た南国のせいか、いつになくリラックスされ、偏食の彼女が「ゴーヤは好き」とのことも初めて聞いた。

この公演の企画、実践を共にし、カラビさんという方は、自ら前面に出て多くを主張することはあまりしないが、一歩引いた所から、物事を俯瞰して見られる方、という印象を深くした。終始、凛とした姿勢は崩れることはないが、それが堅苦しいのではなく、お茶目な面も持ち、ユーモアも解する多彩な方であった。

以降も「英語教室」の講師をお願いし、グループでカラビさんから英語を教えてい頂いた。インドで教員免許を持つカラビさんは教えることにはたけ、ある種の情熱を持っていらした。ただ、私たちの英語があまり上達せず、教室はいつも、日印文化交流会の場と化し、そちらのほうの話は尽きなかった。この頃、ヒンドゥー教、インドの冠婚葬祭の事、法廷通訳の仕事など随分多くのことを聞かせて頂いた。また、日本の時事、歴史にも強い興味を持たれていて、鋭い質問を受けたりもした。

2009年の入院・脊椎管狭窄症手術の後から日常行動も仕事も制限され、随分辛い思いもされたことと思うが、律儀に耐えていらしたようだ。我慢強い方であったのだと今思う。

＊

1970年に33歳で単身、日本に来日され以降46年間、休暇の里帰りを除いては日本を生きる場として選択してきたカラビさん。70年代の日本といえば、まだ外国人の数も少なく、ご苦労も多々あったと思う。早期に日本の大学で日本語をマスターされベンガル語講師、法廷通訳等を務めながら、インドと日本の文化的・人的架け橋として尽力されたと聞く。

2016年、突然帰国の意思を聞いたときは衝撃だったが、いずれこういう時も来るのかと、心のどこかで予感もあったような気もする。でも、「また、必ず帰ってくるから」という言葉を信じ、願った。46数年間過ごした日本を発ち、インドへ帰らざるを得なかったカラビさんの無念と、「インドに訪ねて行きますよ」と言って果たせなかった私たちの思いは交錯したままだ。

長きに渡る日本での生活の整理も、あの時のカラビさんの身体には大変なことであったと思う。それを支えたのが須藤育子さんである。また育子さんはその後、コルカタのカラビさん邸を訪ね、その報告を私たちに送ってきてくれた。その一報が元気なカラビさんを知る、最後となった。

心よりご冥福をお祈りします。

ネイバリー
（佐藤加代、永井雅子、黒瀬富志夫ほか）

2002年　バウルと築地本願寺にて
向かって左側

In Memoriam: Fui Fui

- Moon Panda

I moved from Kolkata to Tokyo when I was three years old. Barely old enough to realize I was in a new country, what I missed most was having my extended family around. I was accustomed to having aunts and uncles, cousins, and various grandparents be a part of my daily life. Now, it was simply mom, dad, and me.

I don't recall exactly when I had first met Fui Fui, but every time I saw her, I felt nostalgic for home. To me, she was a friend, an honorary grandparent, and aside from my mom, one of the first female role models I had growing up. She was a smart, independent, and an extremely sociable lady. Fui Fui had this charm about her that drew both children and adults to gravitate towards her. When she would come to my house, she would strike up a conversation about the latest episode of Doraemon with me, while at the next second be seen discussing political differences between the Indian and Japanese governments with my parents.

However, I think everyone enjoyed Fui Fui's company most because she was a caring person. She knew that, like my family, many of us were lonely being away from home. Regardless of where we had come from, there was a part of us that was anxious about being in a new environment. She

always took initiative to get to know new members of our community, making sure to connect with us not only during our many celebrations but also regularly throughout the year. She made that extra effort to make us feel comfortable in a new country, and she never asked for anything in return. Fui Fui has been an integral part of our life in Tokyo. She will be dearly missed but never forgotten. ■

My Memories of Fui Fui

- Sneha Kundu, Grade X

I have known Karabi Aunty since I became part of the BATJ community, which was when I was born. But I never knew her as Karabi Aunty: I, along with most of the other kids in the community, knew her as 'Fui Fui'. Most of my fondest memories at Durga Puja, Saraswati Puja, or any BATJ meeting in general involved Fui Fui. From a very young age she fascinated me. She might have been older than most of the adults around, but she was still very playful, and really did seem like she had the heart of a child. One of my most memorable impressions of her was when my friends and I would be playing and we would be called for lunch or dinner, Fui Fui would lure us into the dining hall by purring like a cat. The way she knew what would attract kids made her stand out amongst all the adults.

